গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

ডিসেম্বর ২০২৩ মাসের কার্যক্রম নিয়ে জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৮-০১-২০২৪ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার প্রারম্ভে সংযুক্তিতে নিয়োগকৃত নৌপরিবহন মন্ত্রণালয়ের গাড়ি চালক জনাব মো: আবুল কালাম এর মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং শোকসন্তপ্ত পরিবারে প্রতি সমবেদন জ্ঞাপন করেন। অত:পর সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্হাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্হিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | গত ২৬-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল দপ্তর, সংস্থা ও মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখায় প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীটি যথাযথ থাকলে নিশ্চিতকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী না থাকায় গত ২৬-১২-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | মন্ত্রণালয়ের APA টিম লিডার সভায় সকল দপ্তর/সংস্থার প্রধানগণকে ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের মাধ্যমে সঠিক সময়ে তথ্য দিয়ে সহায়তা করার ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এপিএ, শুদ্ধাচার, সেবাপ্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার সঠিক সময়ে ওয়েবসাইটে দাখিল করা হচ্ছে। শুদ্ধাচারের বিষয়ে চবক এবং টিসি থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। উক্ত সংস্থা থেকে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর কোয়াটার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থার সকল এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করতে হবে। দপ্তর/ সংস্থা প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন।<br>২। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর ২০২৩/২৪ ২য় কোয়াটার (অর্ধ বার্ষিক) লক্ষ্য মাত্রা অর্জনে মন্ত্রণালয়, সকল দপ্তর/সংস্থার পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি/ডি-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় ডিসেম্বর মাসে ৯৪.৫০% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। সংস্থা সমূহের মধ্যে নৌপরিবহন অধিদপ্তর ১০০% ফাইল ই-নথিতে এবং ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট ১০০% ফাইল ডি-নথিতে নিষ্পন্ন সম্পন্ন করেছে।<br>তিনি আরো জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তর করতে ১০ জানুয়ারি ২০২৪ তারিখে এটুআই কে পত্র প্রদান করা হয়। যোগাযোগ করা হলে এটুআই থেকে জানানো হয় যে, দপ্তর/সংস্থায় ডি-নথি বাস্তবায়ন করা হচ্ছে। জানুয়ারি ২০২৪ এর মধ্যে মন্ত্রণালয়ে ডি-নথি কার্যক্রম চালু করার পরিকল্পনা রয়েছে।<br>সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ে ডি-নথি ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। হার্ডকপিতে নথি নিষ্পত্তি না করে ই-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>২. মন্ত্রণালয়ের নথি নিষ্পত্তি কার্যক্রম ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তর করতে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়<br>৩. ইনোভেশন টীম, নৌপম<br>৪. যুগ্ম-সচিব, প্রশাসন, নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, দপ্তর/সংস্থার বর্তমানে সাধারণ আপত্তির মোট সংখ্যা=৪৬২টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা=৮৪৬টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা=১৬৩টি, মোট আপত্তির সংখ্যা=১৪৭১ ও জড়িত টাকা পরিমান =১২৪৬৯.৪৪ (বারো হাজার চারশত উনসত্তর কোটি চুয়াল্লিশ লক্ষ টাকা মাত্র)।<br>মোট নিষ্পত্তি (সাধারণ ১১টি+অগ্রিম ২৫টি)=৩৬টি, মোট নিষ্পত্তির পরিমাণ=১৫৫৯.৭৫৮১ (এক হাজার পাচশত উনষাট কোটি পচাত্তর লক্ষ একাশি হাজার টাকা মাত্র)।<br>উপসচিব (আইন ও অডিট) সভায় জানান প্রতিটি দপ্তর/সংস্থার সর্বোচ্চ আর্থিক জড়িত ৫টি অডিট আপত্তি নিয়ে সভা করা হয়েছে; তার অধিকাংশ নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ ও সংস্থা কর্তৃক প্রেরিত প্রমাণকের আলোকে পরিবহন অডিট অধিদপ্তর থেকে পর্যায়ক্রমে নিষ্পত্তিপত্র আসছে। প্রতিটি দপ্তর/সংস্থার নিষ্পত্তিযোগ্য অডিট আপত্তি (অগ্রিম) এর তালিকাসমূহ কার্যপত্র দ্রুত মন্ত্রণালয়ের অডিট শাখায় প্রেরণ করার জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে পর্যায়ক্রমে ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখার জন্য সিনিয়র সচিব মহোদয় অডিট শাখার উপসচিবকে নির্দেশ প্রদান করেন।<br>সভাপতি এভাবে সভা করে অডিট আপত্তি নিষ্পত্তি করার ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১.সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (ডিসেম্বর) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬১৪টি।<br>তন্মধ্যে ৫২৭টির জবাব দাখিল করা হয়েছে। এর মধ্যে সরকারের পক্ষ্যে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪টি।<br>আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর) সভায় জানান যে, WTC সংক্রান্ত মামলায় নৌপরিবহন অধিদপ্তর পক্ষভুক্ত না হওয়ায় আপিল করার সুযোগ নেই। WTC সংক্রান্ত আদালতের যে নির্দেশনা আছে সেটি যথাযথ প্রক্রিয়ার মধ্যে আনার চেষ্টা করা হচ্ছে। একই সময়ে WTC এর কাজ শিপিং কর্পোরেশনের বাণিজ্যিক অফিসের মাধ্যমে চালু করা হয়েছে। একপক্ষ যারা বার বার মামলায় যাচ্ছে তাদেরকে একই ফ্রেমে আনা হচ্ছে। এই সপ্তাহের মধ্যে তারা সিরিয়াল দিবেন। যে আদেশ করা হয়েছিল তা আগামী মঙ্গলবারের মধ্যে জানা যাবে বলে তিনি জানান। প্রনিধান যোগ্য ব্যাপার হচ্ছে যদি সিরিয়াল না দেয় তাহলে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্গো নেওয়ার জন্য যে রেভিনিউ জমা দেয় সেখানে ক্লিয়ারেন্স না নেয় সে বিষয়ে কথা হয়েছে। চবকের একজন কর্মকর্তা যিনি সিরিয়াল নেন তাকে অর্ন্তভুক্তির জন্য নেয়া হয়েছে। এটি সমাধানের জন্য যথাযথ উদ্যোগ নেওয়া হচ্ছে।<br>মামলাসমূহ নিষ্পত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১. মন্ত্রণালয় দপ্তর/সংস্থা জড়িত মামলায় নির্দিষ্ট সময়ের মধ্যে সরকার পক্ষে মামলার জবাব দাখিল করতে হবে।<br>২. অনিষ্পন্ন মামলা সমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. WTC সংক্রান্ত মামলায় মহাপরিচালক (DOS) পক্ষভুক্ত হলে ও আদালতের নির্দেশনা বাস্তবায়নযোগ্য হলে, তা পালন করতে হবে অন্যথায় আপিল করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |
| ৬. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।<br>সভাপতি জানান যে, কেউ কোন তথ্য জানতে চাইলে তা নিয়ম অনুযায়ী জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে।<br>৩. তথ্য অধিকার আইনের আওতায় সময়মত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | **নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | সভায় দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন বিষয়াদির বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে ধারাবাহিকভাবে সমন্বয় সাধনের মাধ্যমে সকল দপ্তর/সংস্থার নাম পদবি ব্যবহার সংক্রান্ত কার্যক্রম সম্পন্নের জন্য সভাপতি অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্হবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | **শূন্যপদ পূরণ সংক্রান্ত** | উপসচিব (প্রশাসন) সভায় জানান আবশ্যিকভাবে জনবল নিয়োগ প্রদানের নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে। নৌপরিবহন মন্ত্রণালয়ের ১৭টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত ও মৌখিক পরীক্ষার গ্রহণ করে ফলাফল প্রকাশ করা হয়েছে। নির্বাচিত প্রার্থীরা ২১-০১-২০২৪ তারিখে যোগদান করেছে।<br>আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক নৌপরিবহন অধিদপ্তর জানান যে, ইঞ্জিনিয়ার শিপ সার্ভেয়ার পদে ৪জন এবং পরিদর্শক পদে ২০জনকে নিয়োগ প্রদান করা জরুরি। সভাপতি উক্ত পদে নিয়োগ প্রদানের জন্য পিএসসি'তে পত্র প্রদানের অনুরোধ জানান। এছাড়া তিনি ১জন আইটি কর্মকর্তা নিয়োগের জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন নিয়মিত আইন কর্মকর্তা নিয়োগ না হওয়ায় সরকার পক্ষভুক্ত মামলাগুলো পরিচালনা করা যাচ্ছে না। সভাপতি এ বিষয়ে বলেন নিয়মিত আইন কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে এবং নিয়মিত আইন কর্মকর্তা নিয়োগ না হওয়া পযন্ত আইনজীবি নিয়োগের মাধ্যমে মামলার কাযক্রম পরিচালনার জন্য পরামর্শ দেন। চেয়ারম্যান (টিএ) সভায় জানান যে, ২৪টি পদে ৭৪ জনকে নিয়োগের কার্যক্রম চলমান আছে। এছাড়া ৮টি পদে ৯১জনের নিয়োগ মামলার কারণে বন্ধ আছে। ২টি পদে প্রেষণে কর্মকর্তা কর্মরত আছেন। বিআইডব্লিউটিসি'তে ১টি পদের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন সভায় জানান যে, ২জন মহাব্যবস্থাপক নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। কমাড্যান্ট, চট্টগ্রাম মেরিন একাডেমী জানান যে, ২৪টি পদে নিয়োগ প্রদান করা জরুরি। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান, নৌপরিবহন অধিদপ্তরের অসুস্থ ১জন কর্মকর্তার বিকল্প কর্মকর্তা নিয়োগ এবং ২জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রদান করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন এবং সকল দপ্তর/সংস্থায় দ্রুত নিয়োগ কার্যক্রম শেষ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা সমূহ শূন্যপদ পূরণে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।<br>২। পিএসসি'র ছক মোতাবেক রিকুইজিশন দ্রুত প্রেরণ করতে হবে। | ১। সকল দপ্তর/ সংস্থা প্রধান।<br>২। মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর)। |
| ৯ | **বিবিধ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | উপসচিব (টিএ) সভায় জানান যে, ঘাটপয়েন্ট বিরোধ নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে গঠিত কমিটির কাজ চলমান আছে।<br>সভাপতি দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে বিরোধ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ’র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে দ্রুত বিরোধ নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও ২.উপসচিব (টিএ), নৌপম |
| | **৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে, প্রতিবেদনাধীন মাসে (ডিসেম্বর) চলমান মামলা ৫টি। নতুন কোন মামলা দায়ের হয়নি। ২টি মামলার তদন্ত প্রতিবেদন চূড়ান্ত আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ১টি মামলা তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ। ১টি মামলার ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছে এবং ১টি মামলার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। পুনঃতদন্তের এবং তদন্তের জন্য অপেক্ষমান বিভাগীয় মামলা সমূহের তদন্তকারী কর্মকর্তাগণ দ্রুত প্রতিবেদন পেশ করবেন।<br>২। প্রতিমাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিতে অনিষ্পন্ন বিভাগীয় মামলার তথ্য প্রেরণ করতে হবে। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা), নৌপরিবহন মন্ত্রণালয়।<br>১। সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | **৯.৩ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ সালের বাজেট বাস্তবায়ন** | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, রিভাইজ বাজেটের সংক্রান্ত আলোচনা ও সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৯.৪ বিআইডব্লিউটিএ’র সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ’র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে ৪(চার) সদস্য বিশিষ্ট কমিটি ১৭-০৯-২০২৩ তারিখে কমিটি চূড়ান্ত প্রতিবেদন সিনিয়র সচিব বরাবর জমা দেয়। চেয়ারম্যান (টিএ) সভায় জানান যে, বিআইডব্লিউটিএ’তে জনবল বৃদ্ধির জন্য আঞ্চলিক কার্যালয় স্থাপন করা প্রয়োজন। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ আইন ও অভ্যন্তরীণ নদীবন্দর আইনের খসড়া ইতোমধ্যেই বিআইডব্লিউটিএ’তে জমা দেওয়া হয়েছে। উক্ত আইন দুটি জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ের প্রেরণের প্রতি তিনি গুরুত্বারোপ করেন।<br>সভাপতি আঞ্চলিক কার্যালয় স্থাপনে ফেজওয়ারি প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। বিআইডব্লিউটিএ’র সাংগঠনিক কাঠামো ফেজওয়ারি অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিআইডব্লিউটিএ কর্তৃপক্ষ আইন দ্রুত প্রেরণ করতে হবে।<br>৩। অভ্যন্তরীণ নৌবন্দর আইন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৫ স্থলবন্দরের সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (স্থলবন্দর) জানা যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে ১৫ মে ২০২৩ তারিখে সাংগঠনিক কাঠামোর তফসিল-১ সংশোধনের বিষয়টি অনুমোদিত হয়েছে। ভেটিংয়ের জন্য লেজিসলেটি ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ২৩-০১-২০২৪ তারিখে ভেটিং ব্যতিরেকে নথি ফেরত প্রদান করা হয়েছে। পরবর্তী<br>সভাপতি সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো অনুমোদনে আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্থবক)<br>২। সিনিয়র সহকারী সচিব (বাস্থবক) |
| | **৯.৬ মেরিন একাডেমীসমূহের নিয়োগ বিধিমালা প্রণয়ন** | বাংলাদেশ মেরিন একাডেমি কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৪ চূড়ান্ত অনুমোদনের পর গত ১১ জানুয়ারি ২০২৪ তারিখ গেজেট আকারে প্রকাশিত হয়েছে।<br>আলোচ্যসূচি থেকে এটি বাদ দেওয়া যেতে পারে। | আলোচ্যসূচী থেকে বাদ যাবে | ১. কমান্ড্যান্ট সকল মেরিন একাডেমী<br>২. উপসচিব নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা |
| | **৯.৭ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ** | পায়রা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের জন্য গত ০৫-১০-২০২৩ নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন ক্যাটাগরি ৯৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। এর মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ০১ (এক)টি পদ স্থায়ীভাবে এবং বিভিন্ন ক্যাটাগরির ৯৪ (চুরানব্বই)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য শর্তসাপেক্ষে সম্মতি প্রদান করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিপত্রের শর্তানুসারে অর্থ মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অণুবিভাগ কর্তৃক পদ সৃজনের চেকলিস্ট অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য ২১-০১-২০২৪ তারিখে পাবক-কে অনুরোধ করা হয়েছে। তথ্যাদি পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি দ্রুত সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ করতে নির্দেশনা প্রদান করেন। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (পাবক)<br>২। উপসচিব সচিব (পাবক) |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৮ বিআইডব্লিউটিএ'র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি** | বিআইডব্লিউটিএ থেকে গত ১৪-০৮-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ শাখায় নদী বন্দর সমূহের ফোরশোর (তীরভূমি) বিআইডব্লিউটি'র অনুকূলে হস্তান্তর বিষয়ে একটি প্রস্তাব পাওয়া যায় এবং উক্ত বিষয়ে ২৪-০৯-২০২৩ তারিখে ভূমি মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়। ২১-০১-২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি ভূমি মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে ডি.ও পত্র প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br>২। সংশ্লিষ্ট জেলা প্রশাসককে ডিও পত্র দিতে হবে। | ১। চেয়ারম্যান (টিএ)<br>২। উপসচিব (টিএ) |
| | **৯.৯ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ** | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালাহালনাগাদকরণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিতে ২৯-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>গত ০৯-০১-২০২৪ তারিখে প্রবিধানমালার সংশোধনী প্রস্তাব **জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে।**<br>সভাপতি দ্রুত প্রবিধানমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ করতে হবে। | ১। চেয়ারম্যান (বাস্তবক)<br>২। সিনিয়র সহকারী সচিব (বাস্তবক)<br>৩। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.১০ যাত্রীবাহী নৌযানসহ সকল জ্বালানী ও দাহ্য পদার্থ পরিবহনকারী নৌযানে ফায়ার সেফটি ব্যবস্থা নিশ্চিতকরণ** | জাতীয় সম্পদ রক্ষা ও প্রাণহানি হ্রাসে যাত্রীবাহী নৌযানসহ সকল প্রকার জ্বালানী ও দাহ্য পরিবহনকারী নৌযানসমূহের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন ও তদনুযায়ী অগ্নিনির্বাপনী ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা যথাশীঘ্র সম্ভব এ মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য গত ২৭-১১-২০২৩ তারিখে চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ ও মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে। ২০২৪ সালের জুন এর মধ্যে দপ্তর/সংস্থারসহ সকল জাহাজের ফিটনেস পরীক্ষা করতে হবে এবং মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। সম্প্রতি দূর্ঘটন কবলিত রজনীগন্ধা ফেরিটি উদ্ধার কাজে এই তীব্র শীতে যারা অংশগ্রহণ করেছেন তাদেরকে ধন্যবাদপত্রসহ আর্থিক প্রণোদনা প্রদানের জন্য চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি কে পরামর্শ প্রদান করেন।<br>সভাপতি ফিটনেস বিহীন কোন ধরনের জলযান ও ফেরি যাতে না চলতে পারে সে বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জানান ফি মওকুফ বিআইডব্লিউটিএ’র ৪১টি Self-propelled জলযানের বিলম্ব ফি মওকুফের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে উপসচিব (জাহাজ) শাখা জানান যে, গত ০৭-১১-২০২৩ তারিখে এ বিষয়ে মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর এর মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১। সকল দপ্তর/সংস্থার জলযানের ফিটনেস সংক্রান্ত তথ্য দ্রুত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>২। ফিটনেসবিহীন কোন জলযান ও ফেরি না চলার বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ, টিসি)<br>২. অতিরিক্ত সচিব (সংস্থা-১)<br>৩. মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর)।<br>৪. সকল দপ্তর/সংস্থা প্রধান। |
| | **১০.১ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন। সভাপতি দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. অতিরিক্ত সচিব (সকল), নৌপম |

আলোচনায় অংশ নিয়ে চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ সভায় জানান, বিআইডব্লিউটিএ’র দুটি উদ্ধারকারী জাহাজ প্রত্যয় এবং নির্ভীক প্রয়োজনীয় মেরামতের জন্য ডর্কইয়ার্ডে নেওয়া প্রয়োজন। সিনিয়র সচিব মহোদয় উক্ত উদ্ধারকারী জাহাজ দুটি চট্টগ্রাম ডর্কইয়ার্ডে নিতে নির্দেশনা প্রদান করেন। কাউন্সিলর, মেরিটাইম অ্যাফেয়ার্স, আইএমও নির্বাচনে জয়লাভের জন্য মাননীয় প্রতিমন্ত্রী এবং সিনিয়র সচিব মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি লন্ডনস্থ মেরিটাইম অ্যাফেয়ার্স এ লজিস্টিক সার্পোট

প্রদানের জন্য অনুরোধ জানালে সিনিয়র সচিব মহোদয় ফেব্রুয়ারির মধ্যে অর্থ মন্ত্রণালয় হতে অর্থ ছাড় হবে বলে জানান। সিনিয়র সচিব মহোদয় সিডসভুক্ত দেশসমূহের ছাত্রছাত্রীদের ৫টি মেরিন একাডেমী সমূহে ভর্তির জন্য ইংরেজি ও বাংলা ভাষায় নীতিমালা তৈরি ও ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও আইএমও নির্বাচন নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নে এবং মন্ত্রণালয়ের কোন হস্তক্ষেপ প্রয়োজন হলে সময় মতো জানানোর জন্য নির্দেশনা প্রদান করেন।

১৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৩.১৮

তারিখ: ১৭ মাঘ ১৪৩০
৩১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

২) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপপরিবহন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ কুতুব উল আলম
সিনিয়র সহকারী সচিব